সংবাদ

5 JAN 2017

পৃষ্ঠা ৮

### শাহজাদপুরের পোরজনা এমএন স্কুল

# প্রধান শিক্ষকের দুর্নীতির বিরুদ্ধে বিক্ষোভ মিছিল

জেলা বার্তা পরিবেশক সিরাজগঞ্জ

সিরাজগঞ্জের শাহজাদপুর উপজেলার পোরজনা এমএন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ওয়ারেছ আলীর নানা অনিয়ম দুর্নীতি ও স্বজন প্রীতির প্রতিবাদে গত মঙ্গলবার সকালে এলাকাবাসী বিক্ষোভ মিছিল মানববন্ধন ও সমাবেশ করেছে। এতে বিদ্যালয়ের কয়েকজন শিক্ষক-কর্মচারী, অভিভাবক, ম্যানেজিং কমিটির সদস্য ও ছাত্ররাও অংশগ্রহণ করেন। বিদ্যালয়ের শহীদ মিনার চত্বরে বিক্ষোভ সমাবেশ ও মানববন্ধন শেষে মিছিলটি পোরজনা বাজার ও আশপাশের সড়ক ও গুরুত্বপূর্ণ মোড় প্রদক্ষিণ করে পোরজনা ইউনিয়ন পরিষদের সামনে এসে শেষ হয়। এ সময় মিছিলকারীরা প্রধান শিক্ষক ওয়ারেছ আলীর বিরুদ্ধে নানা স্লোগান দিয়ে বিক্ষোভে ফেটে পড়ে। পিএম কামরুজ্জামান পলাশের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ বক্তব্য রাখেন। সমাবেশে বক্তারা, প্রধান শিক্ষক ওয়ারেছ আলীর বিদ্যালয়ের অর্থ আত্মসাৎ, দুর্নীতির মাধ্যমে পরাজিত প্রার্থীকে দিয়ে নির্বাচিত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে হয়রানি মূলক মিথ্যা মামলা দায়ের, সেশন ফি আদায়ের নামে ছাত্র-অভিভাবকদের কাছে থেকে অতিরিক্ত অর্থ আদায়সহ নানা অনিয়ম দুর্নীতি তুলে ধরে বক্তব্য রাখেন। সমাবেশ চলাকালে প্রধান শিক্ষক ওয়ারেছ আলীর ভাড়াটিয়া লোকজন তাদের সমাবেশে হামলা চালিয়ে সমাবেশ পণ্ড করার চেষ্টা করেন। এ সময় উভয় পক্ষের মধ্যে বাকবিতণ্ডা ও ধস্তাধস্তির ঘটনা ঘটে। খবর পেয়ে শাহজাদপুর থানা পুলিশ ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. আবদুল কাদের বিশ্বাস ঘটনা স্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।